

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪১৪

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. জামা'আতে সালাত সম্পাদন ও ইমামতি - কাতার সোজা করার নির্দেশ এবং এর পদ্ধতি

আরবী

وَعَنْ أَنَسٍ, عَنِ النَّبِيِّ _ صلى الله عليه وسلم _ قَالَ: «رُصنُّوا صنُفُوفَكُمْ, وَقَارِبُوا بَيْنَهَا, وَحَاذُوا بِالْأَعْنَاقِ». رَوَاهُ أَبُو دَاوُدَ, وَالنَّسَائِيُّ, وَصنَحَّحَهُ ابْنُ حِبَّانَ

صحيح. رواه أبو داود (667)، والنسائي (2/ 92)، وابن حبان (2166) وعند ابن حبان «بالأكتاف» بدل «بالأعناق». وزادوا جميعا: «فوالذي نفسي بيده إني لأرى الشيطان يدخل من خلل الصف كأنها الحذف». والحذف: غنم سود صغار

বাংলা

8\$8. আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-তোমাদের কাতার গুলোকে খুব ভালভাবে একে অপরের সাথে মিশিয়ে নাও এবং এক কাতারকে অন্য কাতারের কাছাকাছি করো এবং কাঁধগুলোকে পরস্পরের বরাবর রাখ। ইবনু হিব্বান সহীহ বলেছেন।[1]

ফটনোট

[1] আবূ দাউদ ৬৬৭, ৬৬৮, ৬৬৯, বুখারী ৭২৩, ৭১৮, মুসলিম ৪৩৩, নাসায়ী ৮১৪, ৮১৫, ৮৪৫, ইবনু মাজাহ ৯৯৩, আহমাদ ১২৪৭৩, ১৩২৫২, ১৩৩৬৬, দারেমী ১২৬৩

এই হাদীসে ওয়ালীদ বিন বুকাইর আবূ জান্নাব নামক কবি রয়েছে। ইমাম দারাকুতনি তবে মাতরূক বলেছেন। আরেক জন রয়েছে যার নাম আব্দুল্লাহ বিন মুহাম্মাদ আল আদারী নামক দুর্বল রাবী রয়েছে। তাকে ইবনুল তাফে দুর্বল আখ্যায়িত করেছেন। ইমাম বুখারী তাকে দুর্বল আখ্যায়িত করেছেন। আবূ হাতিম আর রাষী ও অনুরূপ



বলেছেন। দারাকুতনী ও তাকে মাতরুক হিসাবে চিহ্নিত করেছেন। আরেক জন রাবী আছে ইয়াহইয়া বিন সাঈদ আল-কান্তান বলেন তার হাদীস পরিতাজ্য। ইমাম আহমাদ বিন হাম্বাল ও ইয়াহইয়া ইবনু মাঈন তারা বলেন, তিনি শক্তিশালী রাবীদের অন্তর্ভুক্ত নয়। সুতরাং হাদীস শাস্ত্রের মানদণ্ডে হাদীসটি মুনকার। হাদীসটি ইবনু মাজাহতে এককভাবে বর্ণিত হয়েছে। ইবনু হিব্বানের বর্ণনায় أكتاف এর স্থলে اكتاف শব্দ ব্যবহার করা হয়েছে। এবং সকলেই (আবূ দাউদ, নাসাঈ, ইবনু হিব্বান) আরো বৃদ্ধি করেছেন, রাস্লুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেন, فوالذي نفسي بيده إني لأرى الشيطان يدخل من خلل الصف كأنها الحذف (সই সন্ত্বার শপথ যার হাতে আমার প্রাণ! নিশ্চয় আমি শায়ত্বানকে কাতারের ফাঁক দিয়ে প্রবেশ করতে দেখছি, তাকে একটি ছোট কালো ছাগলের ন্যায় মনে হচ্ছিল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন